# Times Today BD

সিনিয়র রিপোর্টার | জাতীয় | 26 April, 2025

ভ্যাটিকান সিটির সেন্ট পিটার্স ব্যাসিলিকায় শুরু হয়েছে পোপ ফ্রান্সিসের অন্ত্যেষ্টিক্রিয়া।শনিবার (২৬ এপ্রিল) তাকে শেষ বিদায় জানাতে সেন্ট পিটার্স স্কয়ারে জড়ো হয়েছেন  প্রধান উপদেষ্টা অধ্যাপক ড. মুহাম্মদ ইউনূস-সহ কয়েক ডজন বিশ্বনেতা, ক্যাথলিক কর্মকর্তারা ও হাজারো মানুষ।

যোগ দিয়েছেন মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প, সাবেক মার্কিন প্রেসিডেন্ট জো বাইডেন, ইউক্রেনের প্রেসিডেন্ট ভলোদিমির জেলেনস্কি, ফ্রান্সের প্রেসিডেন্ট ইমানুয়েল ম্যাক্রো, যুক্তরাজ্যের প্রধানমন্ত্রী কিয়ার স্টারমার ও বাংলাদেশের অন্তর্বর্তী সরকারের প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূস সহ বিশ্ব নেতারা।পোপের অন্ত্যেষ্টিক্রিয়ায় আড়াই লাখ মানুষের সমাগম হবে প্রত্যাশা ভ্যাটিক্যানের।

এর আগে ভ্যাটিকান সিটির সেন্ট পিটার্স ব্যাসিলিকায় পৌঁছালে তাকে স্বাগত জানানো হয়।প্রধান উপদেষ্টার ডেপুটি প্রেস সেক্রেটারি আবুল কালাম আজাদ মজুমদার এ বিষয়ে বলেন, প্রধান উপদেষ্টা কাতারের দোহায় আর্থনা সম্মেলনে যোগদান শেষে পোপ ফ্রান্সিসের অন্ত্যেষ্টিক্রিয়ায় অংশ নিতে ও তাকে শ্রদ্ধা জানাতে গতকাল শুক্রবার ইতালির রোমে পৌঁছান।

প্রধান উপদেষ্টা ডোনাল্ড ট্রাম্প ভ্যাটিকান সিটি পোপ ফ্রান্সিস

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 18 June, 2025 13:49

URL: https://timestodaybd.com/national/7758071461